

দেহতত্ত্ব

আজ শুনি তুমি  
জানতে চেয়েছো  
কোথায় আমার  
ক্ষত ?

অন্ধশরীরে  
গানের বেদনা  
ঝরে পড়ে অবি-  
রত...

তুমি কি শুনেছো  
অতলান্তিক  
কোন্ নির্জনে  
তোমার শরীরে  
আমার শরীর  
ভেসেছে আবহ-  
মান...

বিভাস রায় চৌধুরী

